উড়িয়া			
উদাখালী	০১	উদাখালী উচ্চ বিদ্যালয় মাঠ	
গজারিয়া	০১	পাইলট স্কুল মাঠ	
ফুলছড়ি	-		
এরেন্ডাবাড়ী	-		
ফজলুপুর	-		
মোট	**৩**		
সাদুল্লাপুর			
রসুলপুর	০১	রসুলপুর	হ্যাঁ -দূর্যোগের সময় ত্রাণ বিতরণের কার্যক্রম পরিচালিত হয়। খেলার মাঠ গুলো উচু হওয়ায় বন্যার পানি সহজে উঠতে পারে না, এবং অনেক লোক জনের অস্থায়ী আশ্রয়ের স্থান হিসাবে বেছে নেয়।
নলডাঙ্গা	২	নলডাঙ্গা ডিগ্রী কলেজ খেলার মাঠ উমেশ চন্দ্র উচ্চ বিদ্যালয় খেলার মাঠ	
দামোদরপুর	০৩	নিয়ামত নগর, ভাঙ্গামোর, দামোদরপুর	
জামালপুর	নাই		
ফরিদপুর	০১	ঘেগার বাজার	
ধাপেরহাট	০৪	নিজপাড়া, বকশীগঞ্জ, ধাপেরহাট-২	
ইদিলপুর	০১	কুঞ্জমহিপুর	
ভাতগ্রাম	০১	ভাতগ্রাম হাইস্কুল মাঠ	
বনগ্রাম	০১	সাদুল্লাপূর	
কামারপাড়া	০১	মধ্য হাট বামুনী	
খোর্দ্দ কোমরপুর	০২	ঢোলভাঙ্গা, খোর্দ্দ কোমরপুর	
মোট	১৭		
সাঘাটা			
কচুয়া	০৪ টি	কচুয়া, তীরমোহনী/ রামনগর, উলম্লা সোনাতলা ও ওসমানের পাড়া ইত্যাদি।	দুই একটি খেলার মাঠ দুর্যোগের সময় কাজে লাগে। দুর্যোগের সময় মানুষসহ গ রম্ন-ছাগল আশ্রয় নেয় এবংবন্যার সময় তিনটি খেলার মাঠে পানি উঠে ।
ঘুড়িদহ	০৪ টি	বটতলা, ঘুড়িদহ, ঝারাবর্ষা ও যাদুরতাইর ইত্যাদি।	
কামালেরপাড়া	০৬টি	কামালেরপাড়া, বারকোনা, ফলিয়া, জালালতাইর, কৈচরা ওশিলমানের পাড়া ইত্যাদি।	
মুক্তিনগর	০৬টি	মুক্তিনগর, কচুয়াহাট, খামার ধনারম্নয়া, কুখাতাইর, বেলতৈল ও চকচকিয়াইত্যাদি।	
বোনারপাড়া	০১টি	বোনারপাড়া	

হলদিয়া	০৩ টি	গোবিন্দপুর, বেড়া ও নলছিয়া ইত্যাদি।	
সাঘাটা	০৪টি	সাঘাটা, কচুয়া, মুন্সিরহাট ও দক্ষিন যুগিপাড়া ইত্যাদি।	
পদুমশহর	০৪ টি	চকদাতেয়া, টেপাপদুমশহর, নয়াবন্দর ও ডিমলা পদুমশহর ইত্যাদি।	
মোট	**৩২**		
গোবিন্দগঞ্জ			
হরিরামপুর	০৬	রামচন্দ্রপুর, ক্রোরগাছা, রামপুরা, সোনাইডাঙ্গা বৈকন্ঠপুর, তালুকসোনাইডাঙ্গা্	সব কয়টিখেলার মাঠই দুর্যোগের সময় কাজে লাগে।
তালুককানুপুর	০৫ টি	নারিচাগাড়ি, তালুককানুপুর, তালতলা, জামালপুর, উ:ছয়ঘরিয়া ইত্যাদি।	সব কয়টিখেলার মাঠই দুর্যোগের সময় কাজে লাগে।
কাটাবাড়ি	৬টা	বাগদা, বেগুনবাড়ি, কাঠালবাড়ি, নাছিরাবাদ, মালিগাও ও আসকুরাইত্যাদি।	দুই একটি খেলার মাঠ দুর্যোগের সময় কাজে লাগে।
রাখালবুরুজ	০৪টি	চকমাকরা, লোনতলা, রাখালবুরুজ ও হরিনাথপুর ইত্যাদি।	দুই একটি খেলার মাঠ দুর্যোগের সময় কাজে লাগে।
ফুলবাড়ি	০৪টি	ফুলবাড়ি, বড় সাতাইল বাতাইল, বড় সোহাগী, কোয়াগাড়ি কৃষ্ণপুরইত্যাদি।	
দরববস্ত	০৪ টি	কালিতলা, বিশুবাড়ি, মারিয়া ও বগুলাগাড়ি ইত্যাদি।	
নাকাই	০৪ টি	নাকাইহাট, রথের বাজার, শীতলগ্রাম ও পোগইল	
শিবপুর	০৪ টি	নাকাইহাট, রথের বাজার, শীতলগ্রাম ও পোগইল	
কোচাশহর	০৩ টি	কোচাশহর, চাদপাড়া ও বুনাতলা ইত্যাদি।	
শালমারা	০৪ টি	শালমারা, কলাকাটা হামছাপুর, বুড়াবুড়ি ও পচারিয়া ইত্যাদি।	
গুমানিগঞ্জ	০৬ টি	কৃষ্ণপুর, পারগয়ারা, বালুভরা, ঘুগা, কালিতলা ও কাইয়াগঞ্জইত্যাদি।	
কামদিয়া	০৪ টি	কামদিয়া, কাচেরচড়া, দিঘীরহাট, চক মানিকপুর ইত্যাদি।	
মহিমাগঞ্জ	০৫ টি	মহিমাগঞ্জ বন্দর, মহিমাগঞ্জ হাইস্কুল, রংপুর চিনিকল,কুমারডাঙ্গা, মহিমাগঞ্জ কলেজ মাঠ ইত্যাদি।	
কামারদহ	০৪ টি	চাপরীগঞ্জ, মোগলটুলি, বার্না আকুব ও মহানগর ইত্যাদি	
শাপমারা	০৪ টি	সাপমারা, সাহেবগঞ্জ, পন্ডিতপুর ও মদনপুর	
শাখাহার	০৫টি	শহরগাছি, শাখাহার, বৈরাগিরহাট, দিগীরহাট ও আলীগ্রাম	
রাজাহার	০৩ টি	পানিতলাহাট, রাজাবিরাট ও বানেশ্বর	
মোট	**৭৫**		
সুন্দরগঞ্জ			
মোট	**১৪৩**		

কবর স্থান/ শ্মশান ঘাট

উপজেলা	কবর স্থান/ শ্মশান ঘাট	কয়টি	কোথায় অবস্থিত (ইউনিয়নের নাম)	বন্যা লেভেলের উপরে কিনা ইত্যাদি
গাইবান্ধা সদর	কবর স্থান	১০	লক্ষণীপুর	
	কবর স্থান	২	মালিবাড়ি	
	কবর স্থান	৫	কুপতলা	
	কবর স্থান	৩	সাহাপাড়া	
	কবর স্থান	২০০	বলস্নমঝাড়	
	কবর স্থান	১০	রামচন্দ্রপুর	
	কবর স্থান	৪	বাদিয়াখালি	
	কবর স্থান	১০	বোয়ালী	

	কবর স্থান	১	ঘাগোয়া	
	কবর স্থান		গিদারী	
	কবর স্থান	২	খোলাহাটি	
	কবর স্থান	২	মোলম্নার চর	
	কবর স্থান	৩	কামারজানি	
মোট	কবর স্থান	**২৫২**		
পলাশবাড়ী	কবর স্থান	২০	বরিশাল	
	কবর স্থান	২	বেতকাপা	
	কবর স্থান	৬	হরিনাথপুর	
	কবর স্থান	১০	হোসেনপুর	
	কবর স্থান	১০	কিশোরগাড়ি	
	কবর স্থান	১২	মোহাদিপুর	
	কবর স্থান	৮	মনোহরপুর	
	কবর স্থান	১০	পাবনাপুর	
	কবর স্থান	১	পলাশবাড়ি	
মোট	কবর স্থান	**৮০**		
ফুলছরি	কবর স্থান	১৬	কঞ্চিপাড়া	
	কবর স্থান	১১	উড়িয়া	
	কবর স্থান		উদাখালী	
	কবর স্থান	৮	গজারিয়া	
	কবর স্থান	১৮	ফুলছরি	
	কবর স্থান		এরেন্ডাবাড়ী	
	কবর স্থান	১৪	ফজলুপুর	
মোট		**৬৭**		
সাদুল্লাপুর		-	রসুলপুর	
	কবরস্থান	৩	নলডাংগা	
	কবরস্থান	১	দামোদরপুর	
	কবরস্থান	৯	জামালপুর	
	কবরস্থান	৪৫০	ফরিদপুর	
	শ্বশান	৭	ফরিদপুর	
	কবরস্থান	২	ধাপেরহাট	
	কবরস্থান	-	ইদিলপুর	
	কবরস্থান	-	ভাতগ্রাম	
	কবরস্থান	৪	বনগ্রাম	
	কবরস্থান	১০	কামারপাড়া	
	কবরস্থান	১	খোর্দ্দ কোমরপুর	
মোট	**কবরস্থান**	**৪৯৯**		
মোট	**শ্বশান**	**৭**		
সাঘাটা	শ্মশান	১	পদুমশহর	
	কবর স্থান		ভরতখালী	
	কবন স্থান	৬	সাঘাটা	
	কবর স্থান	১৮	মুক্তিনগর	
	কবর স্থান		কচুয়া	
	কবর স্থান		ঘুরিদহ	
	কবর স্থান	১৩	হলদিয়া	
	কবর স্থান	৪৫	জুমারবাড়ী	
	কবর স্থান	১০	কামালের পাড়া	
	কবর স্থান	২	বোনার পাড়া	
মোট	**শ্মশান**	১		

মোট	**কবর স্থান**	৯৫		
গোবিন্দগঞ্জ	কবর স্থান	৬	কামদিয়া	
	কবর স্থান	৬	কাটাবাড়ী	
	কবর স্থান	১০	শাকাহার	
	কবর স্থান	২৩	রাজাহার	
	কবর স্থান	১৬	সাপমারা	
	কবর স্থান	-	দরববস্ত	
	কবর স্থান	১০	তালুককানুপুর	
	কবর স্থান	৮	নাকাই	
	কবর স্থান		হরিরামপুর	
	কবর স্থান		রাখালবুরুজ	
	কবর স্থান		ফুলবাড়ী	
	কবর স্থান		গুমানীগঞ্জ	
	কবর স্থান		কামারদহ	
	কবর স্থান	১০	কোচাশহর	
	কবর স্থান		শিবপুর	
	কবর স্থান	৩	মহিমাগঞ্জ	
	কবর স্থান		শালমারা	
মোট		**৯২**		
সুন্দরগঞ্জ	কবর স্থান	১	বামন ডাঙ্গা	
	শ্বশান	১		
	কবর স্থান	১০	সোনারায়পুর	
	কবর স্থান	৩	তারাপুর	
	কবর স্থান	১০	বেলকা	
	কবর স্থান	৮	দহবন্ধ	
	কবর স্থান		সর্বনন্দ	
	কবর স্থান		রামজীবন	
	কবর স্থান	১০	ধোপাডাঙ্গা	
	কবর স্থান		ছাপরহাটি	
	কবর স্থান		শামিত্মরাম	
	কবর স্থান		কঞ্চিবাড়ি	
	কবর স্থান	৪	চন্ডিপুর	
	কবর স্থান		কাপাসিয়া	
	কবর স্থান	৪	হরিপুর	
মোট	**কবর স্থান**	**৫০**		
	শ্বশান	**১**		
মোট	কবর স্থান	১১৩৫		
মোট	শ্বশান	৯		

যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ

ক্রঃ	উপজেলা/ ইউনিয়নের নাম	বাহন	সংখ্যা
	পলাশবাড়ী		
১	কিশোরগাড়ী	বাস, সি,এন,জি, অটোরিক্সা ইত্যাদি।	বাস=নেই, সি,এন,জি=২৫ , অটোরিক্সা/ভ্যানঃ ৫৫
২	পলাশবাড়ী	অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	বাস=১০, সিইনজি=৪৫, অটো=৩৫, ভটভঠি=৪০
৩	হোসেনপুর	সি,এন,জি ,অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি	বাস=৩টি, সিইনজি=২৮, অটো=২৫, ভটভটি=২০
৪	বরিশাল	সি,এন,জি, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি	সি ইন জি=৩০টি,অটো=২৫টি, কাঠবডি=৩০টি।

৫	মোনহরপুর	অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	সি ইন জি=১৫টি,অটো=১৮টি, কাঠবডি=২৫টি।
৬	মহদীপুর	অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	ভ্যান=৪০টি,অটো=৩০টি,কাঠবডি=১৫টি।
৭	বেতকাপা	সি,এন,জি,অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি	বাস=৫টি,অটো=৩০টি, ভ্যান=৪০টি,।
৮	হরিনাথপুর	অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	ভ্যান=৫০, সিইনজি=৩০, অটো=৪০, কাঠবডি=৩০।
৯	পবনাপুর	অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	ভ্যান=২৬, সিইনজি=১৫, অটো=৩৫, কাঠবডি=২৮
	ফুলছরি		
	এরেন্ডাবাড়ী	ভ্যান, ঘোড়ার গাড়ি, নৌকা	ভ্যান-১৫ , ঘোড়ারগাড়ি-৭, নৌকা-১০, মোট- ৩৮
	ফজলুপুর	ভ্যান, ঘোড়ার গাড়ি, নৌকা	ভ্যান-৫, ঘোড়ার গাড়ি-৫, নৌকা-৬, মোট= ১৬
	ফুলছরি	ভ্যান, ঘোড়ার গাড়ি, নৌকা	ভ্যান-১০, ঘোড়ার গাড়ি ৬, নৌকা-১০, মোট =২৬
	উদাখালী	ভ্যান, ঘোড়ার গাড়ি, অটোরিক্সা,সি,এন,জি কাঠবডি (স্যালোমেশিন চালিত)	ভ্যান-৫০, কাঠবডি (স্যালোমেশিন চালিত)-৪০, অটোরিক্সা-৩৫ সি,এন,জি-০৮ টি মোটঃ ১৩৩ টি।
	উড়িয়া	ভ্যান, কাঠবডি, নৌকা, কাঠবডি (স্যালোমেশিন চালিত), নৌকা	ভ্যান-২০, কাঠবডি (স্যালোমেশিন চালিত)-১৫ টি, অটোরিক্সাঃ ৫ , নৌকা-০৩ টি মোটঃ ৪৩ টি।
	কঞ্চিপাড়া	ভ্যান, অটোরিক্সা, কাঠবডি (স্যালোমেশিন চালিত)	ভ্যান-৪৫, কাঠবডি (স্যালোমেশিন চালিত)-২০ টি, অটোরিক্সাঃ ২০, মোটঃ ৮৫ টি।
	গজারিয়া	ভ্যান, অটোরিক্সা, কাঠবডি (স্যালোমেশিন চালিত)	ভ্যান-৪৮ টি কাঠবডি (স্যালোমেশিন চালিত)-১০ টি, অটোরিক্সাঃ ১৫ , নৌকা-০৫ টি মোটঃ ৭৮
	সাদুল্লাপুর		
	সাদুল্লাপুর	জেলা হইতে উপজেলা বাহন গুলো হলো যেমন, বাস, সি,এন,জি, অটোরিক্সা ইত্যাদি।	বাসঃ ৫ টি, সি,এন,জিঃ ২৫ টি, অটোরিক্সাঃ ২০ টি।
০১	রসুলপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটো -২০ টি, ভ্যান-৩৫ টি, রিক্সা-১৫ টি, কাঠবডি-৪৫ টি
০২	নলডাংগা	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- সিএনজি, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	সি,এন,জি-১২ টি, অটো-২০ টি, ভ্যানঃ ৩৫ টি, রিক্সাঃ ১৫ টি, কাঠবডিঃ ৪৫ টি
০৩	দামোদরপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- সি,এন,জি , অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি	সিএনজি-১২ টি, অটো -১৫, ভ্যান-৪০, রিক্সা-১২ টি, কাঠবডিঃ ৪০ টি
০৪	জামালপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটোঃ ২৫ টি, ভ্যানঃ ৬০ টি, রিক্সাঃ ২৫ টি, কাঠবডিঃ ৫৫ টি
০৫	ফরিদপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটোঃ ২৫ টি, ভ্যানঃ ৬৫ টি, রিক্সাঃ ২০ টি, কাঠবডিঃ ৪৫ টি
০৬	ধাপেরহাট	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- সি,এন,জি,অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	৫৫০ টি
০৭	ইদিলপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটোঃ ২০ টি, ভ্যানঃ ৬৫ টি, রিক্সাঃ ২৫ টি, কাঠবডিঃ ৪০ টি
০৮	ভাতগ্রাম	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	
০৯	বনগ্রাম	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- সি,এন,জি অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	সি,এন,জিঃ ১৫ টি, অটোঃ ৩৫ টি, ভ্যানঃ ৫০ টি, রিক্সাঃ ৩৫ টি, কাঠবডিঃ ৪০ টি
১০	কামারপাড়া	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটোঃ ২৫ টি, ভ্যানঃ ৫৫ টি, রিক্সাঃ ২০ টি, কাঠবডিঃ ৪২ টি
১১	খোর্দ্দ কোমরপুর	উপজেলা হইতে ইউনিয়নের বাহন গুলো হলো- অটোরিক্সা, ভ্যান, রিক্সা, কাঠবডি ইত্যাদি।	অটোঃ ২৫ টি, ভ্যানঃ ৫৫ টি, রিক্সাঃ ২০ টি, কাঠবডিঃ ৪২ টি
	সাঘাটা		
		সাঘাটা উপজেলার যোগাযোগের মাধ্যম স্থল পথ, রেল পথ ও নৌ-পথ। এই এলাকার বেশীরভাগ মানুষ স্থল পথে যাতায়াত করে। পরিবহন ব্যবস্থা মধ্যে রয়েছে টেম্পু, অটোরিক্সা, সি এন জি, ভ্যান , রিক্সা, নছিমন, নৌকা ও ট্রলার ইত্যাদি।	টেম্পু ২২০ টি, অটোরিক্সা / সি এন জি ৩৬টি, রিক্সা ৫২০ টি, ভ্যান ৭৭০ টি, নছিমন ২৩০ টি, নৌকা-২২ টি, ও ট্রলার-০৮টি।
	গোবিন্দগঞ্জ		
		গোবিন্দগঞ্জ উপজেলার যোগাযোগের মাধ্যম স্থল পথ,	বাস ০৮টি, টেম্পু ২৭৫ টি, অটোরিক্সা-১৪০টি,

		রেল পথ ওনৌ-পথ। পরিবহন ব্যবস্থা বাস, টেম্পু, অটোরিক্সা, সি এন জি, ভ্যান, নছিমন, নৌকা, ট্রলার ও রেল গাড়িইত্যাদি।	সি.এন.জি-১৫২টি, রিক্সা ৭১৮৫টি, ভ্যান৭৬১৬টি, নছিমন ৪৯২টি, নৌকা- ৪২টি, ট্রলার-০৫টি।
	সুন্দরগঞ্জ		
		সুন্দরগঞ্জ উপজেলার যোগাযোগের মাধ্যম স্থল পথ, রেল পথ ওনৌ-পথ। পরিবহন ব্যবস্থা বাস, টেম্পু, অটোরিক্সা, সি এন জি, ভ্যান, নছিমন, নৌকা, ও রেলগাড়ি ইত্যাদি।	বাস ৩৫টি, টেম্পু ২০ টি, অটোরিক্সা-৩২৫টি, সি.এন.জি-১১৫টি, রিক্সা ২১৩০টি, ভ্যান ৮২৫৪টি, নছিমন ১৪৫৬ টি, নৌকা- ২৫টি, ।

বন ও বনায়নঃ

গাইবান্ধা জেলায় কোন উলেস্নখ্যযোগ্য কোন বনায়ন নাই

১.৪.৩আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারাঃ

গাইবান্ধা জেলায় সচরাচর স্বাভাবিক বৃষ্টিপাত হয়। বর্ষা মৌসুমে বৃষ্টিপাত একটু বেশী হয়, গ্রীষ্ম মৌসুমেমাঝে মাঝে বৃষ্টিপাত ও কাল-বৈশাখী ঝড়, ঘুর্নিঝড় হয় আবার মাঝে মাঝে শীলাবৃষ্টি হয় শীত মৌসুমেবৃষ্টিপাত হয়না বললেই চলে। কখনও কখনও বসন্ত কালে বৃষ্টিপাত একেবারেই হয়না এতে খরার সৃষ্টি হয়নদী-নালা, খাল-বিল ও পুকুর ডোবা শুকিয়ে যায় তখন কৃষি কাজ ব্যহত হয় এবং ফসল ও গাছপালার প্রচুরক্ষতি হয়।

তাপমাত্রাঃ

গাইবান্ধা জেলা গ্রীষ্ম, বর্ষা, শরৎ ও হেমন্ত এই মৌসুমে সর্বোচ্চ তাপমাত্রা থাকে সাধারনত ৩৪°-৩৬° ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকে ২৪°-২৫° ডিগ্রি পর্যন্ত আর শীত ও বসন্ত এই মৌসুমে সর্বোচ্চ তাপমাত্রা থাকে সাধারনত ২৮°-৩০° ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকে ৮°-১০° ডিগ্রি পর্যন্ত । তাপমাত্রা আগের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে আবার শীত মৌসুমে তাপমাত্রা মাঝে মাঝে ৪°-৫° ডিগ্রিতে নেমে যায় এবং শৈত্য প্রবাহ শুরম্ন হয় এতে মানুষ মারা যায় ও ফসলের ক্ষতি হয়।

ভূ-গর্ভস্থ পানির বস্তরঃ

জেলার বিভিন্ন উপজেলায় গড় পানির বস্তর এক নয় কোথাও ৩৫-৪০ফুট নীচে পানি পাওয়া যায় আবার কোথাও ৮৫-৯০ ফুট নীচে পানির বস্তর। খুব বড় ধরনের কোন পরিবর্তন লক্ষ্য করা যায় নাই কারন আগেও পানির বস্তর ছিল কোথাও ২৫-৩০ ফুট নীচে পানি পাওয়া যায় আবারকোথাও ৭৫-৮০ ফুট নীচে পানির বস্তর, কিন্তু শুষ্ক মৌসুমে খাবার পানির বস্তর স্থান বেধে কোথাও ৮৫-৯০ ফুটনীচে আবার কোথাও ১৫৫-১৬০ ফুট নীচে চলে যায় । তখন শ্যালো মেশিন ও নলকূপে পানি কম উঠে ।অনেক ক্ষেত্রে কিছু কিছু নলকূপে পানিই উঠেনা । এতে করে শুষ্ক মৌসুমে সেচের পানি ও খাবার পানির তীব্রসংকট হয় এতে করে এই এলাকার মানুষের খাবার পানি ও রানড়বার পানির খুব কষ্ট হয়।

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহারঃ

ক্রঃ নং	উপজেলার নাম	মোট জমির পরিমাণ	আবাদী	অনাবাদী	এক ফসলী	দুই ফসলী	তিন ফসলী	চার ফসলী	বসতি এলাকার কত অংশী
১	**গাইবান্ধা সদর**	৮০০৭৫.৭৯ একর	৫০৮৭৭.৭৯ একর	২৯১৯৮ একর	১০৩১২ একর	২৫৯২৪.৭৯ একর	১৪২৬২.০০ একর	৪৫ একর	১২%
২	**সাদুল্লাপুর**	৫৬৩৩৫	৪৬৬৮৩	৯৬৫২	১৮৩৯৩	১৮৭৯৯	৯৪৮৩	-	১৭%
৩	**পলাশবাড়ী**	৪৯৮৮৪	৪১৯৮৪	৫০০০	১২৯৩১	২২৩৭৩	৬৬৬০	-	১৬%
৪	**সাঘাটা**	৫৭,০৮৬ একর	৪৪,৬০০ একর	১,১২৮ একর	১, ৫০০ একর	৩১, ২৫০ একর	১১ ,৮৫০ একর	**-**	**৭%**
৫	**গোবিন্দগঞ্জ**	৪৬,৫০৩ হেক্টর	৩৭৬০০ হেক্টর	৯২৮ হেক্টর	৩,৬৫০ হেক্টর	২১,৩২০ হেক্টর	১২,২৫০ হেক্টর	১০৫০ হেক্টর	**৭%**
৬	**ফুলছরি**	৩০১১২	২৬১৬১	৩৯৫১	১২৩০৬	১২০৭৭	১৭৮২		১৩%
৭	**সুন্দরগঞ্জ**	৩৩৬৩৮. ৯৯ হেক্টর	৩৩২৩৪.০৯ হেক্টর	৪০৪.৯ হেক্টর	৪০৮৪.৪৬ হেক্টর	২৪৬৮৯.৬০ হেক্টর	৪৪৬০ হেক্টর	-	১৪%
	মোট								

কৃষি ও খাদ্যঃ

ক্রমঃ	ইউনিয়নের নাম	প্রধান প্রধান ফসল	উৎপাদনের পরিমাণ	ক্ষয়-ক্ষতির তথ্য	প্রধান খাদ্যসমূহ	খাদ্যাভাস ইত্যাদি
১	গাইবান্ধা সদর					
২	সাদুল্লাপুর					
৩	পলাশবাড়ী	ধান, পাট, গম	৯৯৬৩১ মেঃ টন		ধান, ভুট্টা, গম, আলু	ভাত,মাছ, রুটি, ইত্যাদি
৪	সাঘাটা	ধান, পাট,গম, ভুট্টা, সরিষা, আলু আখ ও সবজি ইত্যাদি।	বিঘা প্রতি ধান উৎপাদন হয় ৩০-৩৫ মণ, গম ১৫-২০ মণ, আলু ৫০ -৫৫ মণ, ভুট্টা ২৫-৩০মণ ।	বন্যা, নদী ভাঙ্গন, খরা ও ঘূর্ণিঝড়ে ফসলের ব্যাপক ক্ষতি হয়।	ভাত, মাছ, রুটি ও আলু	এক বেলা রুটি ও দুই বেলা ভাত, মাছ সবজিখেয়োকেন।
৫	গোবিন্দগঞ্জ	ধান, পাট,গম, ভুট্টা, সরিষা, আলু আখ ও সবজি ইত্যাদি।	বিঘাপ্রতি ধান উৎপাদন হয় ৩০-৩৫ মন, গম ১৫-২০ মন, আলু ৫০-৫৫মন, ভুট্টা ২৫-৩০মণ	বন্যা, নদী ভাঙ্গন, খরা ও ঘূর্ণিঝড়ে ফসলের ব্যাপক ক্ষতি হয়।	ভাত, মাছ, রুটি ও আলু	এক বেলা রুটি ও দুই বেলা ভাত, মাছসবজি খেয়েথাকেন।
৬	ফুলছরি	ধান, পাট, গম, ভুট্টা মরিচ	৫৯১৯১ মেঃ টন		ধান, ভুট্টা, গম,	
৭	সুন্দরগঞ্জ	ধান, পাট,গম, ভুট্টা, সরিষা, আলু আখ ও সবজি ইত্যাদি।				
	মোট					

নদীঃ

ক্রমঃ	উপজেলার নাম	কয়টি	উপকার	অপকার	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	গাইবান্ধা সদর	৪	নদীতে মাছ পাওয়া যায়, নদীর পানিসেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়।	বর্ষার সময় নদীতে বৃদ্ধির ফলে আশে পাশের এলাকা প্লাবিত হয়। নদী ভাংগনের সৃষ্টি হয় এবং শুকনা মৌসুমে নদীতে নৌকা চলা চল না করায় চর এলাকার মানুষের যাতায়াত সমস্যা সৃষ্টি হয়। সেচ ব্যবস্থা সহ ফসলী জমির ক্ষতি সাধিত হয়।	গাইবান্ধা উপজেলার মধ্যে দিয়ে প্রবাহিত হযেগেছে ৪ টি নদী| ব্রক্ষ্মপুত্র নদ, ঘাঘট নদী, মানস নদী, আলাই নদী
২	সাদুল্লাপুর	৩	নদীতে মাছ পাওয়া যায়, নদীর পানিসেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়।	বর্ষার সময় নদীতে বৃদ্ধির ফলে আশে পাশের এলাকা প্লাবিত হয়। নদী ভাংগনের সৃষ্টি হয় এবং শুকনা মৌসুমে নদীতে নৌকা চলা চল না করায় চর এলাকার মানুষের যাতায়াত সমস্যা সৃষ্টি হয়। সেচ ব্যবস্থা সহ ফসলী জমির ক্ষতি সাধিত হয়।	সাঘাটা উপজেলার উল্লেখযোগ্য যমুনা ও বাঙ্গালী নদী। সাঘাটা উপজেলার পূর্ব পাশ দিয়ে ভরতখালী, সাঘাটা ও হলদিয়া ইউনিয়ন ঘেসে যমুনা প্রবাহিত হয়েছে।
৩	পলাশবাড়ী	২	নদীতে মাছ পাওয়া যায়, নদীর পানিসেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়।	বর্ষার সময় নদীতে বৃদ্ধির ফলে আশে পাশের এলাকা প্লাবিত হয়। নদী ভাংগনের সৃষ্টি হয় এবং শুকনা মৌসুমে নদীতে নৌকা চলা চল না করায় চর এলাকার মানুষের যাতায়াত সমস্যা সৃষ্টি হয়। সেচ ব্যবস্থা সহ ফসলী জমির ক্ষতি সাধিত হয়।	নদনদী- ২ টি (আখিয়া নদী স্থানীয় নাম মর্চ নদী ও নলেয়া নদী। করতোয়া নদী উপজেলার পশ্চিম সীমানা দিয়ে প্রবাহিত হয়েছে।),
৪	সাঘাটা	এই উপজেলার মধ্যে দিয়ে ছোট বড় ৫টা নদী প্রবাহিত হয়েছে	নদীতে মাছ পাওয়া যায় ও মাছের অভয়াশ্রম হিসাবে ব্যবহৃত হয়, নদীর পানিসেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়।	নদীতে অপকার নদী দ্বারা বন্যা হয় ও নদী ভাঙ্গন হয় এতে ঘরবাড়ি, প্রতিষ্ঠান, গাছপালা ও রাস্তাঘাটসহ ফসলের ব্যাপক ক্ষতি হয়।	যমুনা, ঘাগট, আলাই, বাঙ্গালী, ও এলেঙ্গা।

ক্রমঃ	উপজেলার নাম	কয়টি	উপকার	অপকার	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
৫	গোবিন্দগঞ্জ	এই উপজেলার মধ্য দিয়ে ৬টা নদী প্রবাহিত হয়েছে	নদীতে মাছ পাওয়া যায় ও মাছের অভয়াশ্রম হিসাবেব্যবহৃত হয় নদীর পানি সেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়	নদীতে অপকার নদী দ্বারা বন্যা হয় ও নদী ভাঙ্গন হয় এতে ঘরবাড়ি, প্রতিষ্ঠান, গাছপালা ও রাস্তাঘাটসহ ফসলের ব্যাপক ক্ষতি হয়।	কাটাখালি, আলাই, বাঙ্গালী, করতোয়া, আখিরা ও নলেয়া।
৬	ফুলছরি	২	নদীতে মাছ ধরে জেলেরা জীবিকা নির্বাহ করে।	নদীতে পানি বেশি হলে নদীভাংগন, ফসল, মানুষের দৈনিন্দ জীবন যাত্রার মান ব্যহত হয়।	২ টি (ব্রহ্মপুত্র ও ঘাঘট)
৭	সুন্দরগঞ্জ	৩	নদীতে মাছ পাওয়া যায়, নদীর পানিসেচের কাজে ব্যবহার করা যায়, নদীতে গোসল করা ও কাপড় ধোয়া যায়।	বর্ষার সময় নদীতে বৃদ্ধির ফলে আশে পাশের এলাকা প্লাবিত হয়। নদী ভাংগনের সৃষ্টি হয় এবং শুকনা মৌসুমে নদীতে নৌকা চলা চল না করায় চর এলাকার মানুষের যাতায়াত সমস্যা সৃষ্টি হয়। সেচ ব্যবস্থা সহ ফসলী জমির ক্ষতি সাধিত হয়।	সুন্দরগঞ্জে উল্লেখযোগ্য নদী তিস্তা, ব্রহ্মনপুত্র ও ঘাঘট। সুন্দরগঞ্জ উপজেলার পাশ দিয়ে বয়ে গেছে তিস্তা নদী। নদীর দুই তীর পানি উন্নয়ণ বোর্ড কর্তৃক বেড়ী বাধ নির্মাণ করা আছে। বর্তমানেও সীমিত আকারে তিস্তা নদীর মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে মালামাল পার করা হয়। তাছাড়া যখন বেড়ী বাধ ছিলনা এই তিস্তা ও ঘাঘট নদীর কারণে সুন্দরগঞ্জ উপজেলাবাসী খুব কষ্টের সাথে জীবন-জীবিকা নির্বাহ করেছে। বর্তমানে এই তিস্তা নদীর পানি দ্বারা কৃষিকাজ করা হয়। অধিকন্তু এই নদীতে অনেক মাছ পাওয়া যায়।
	মোট	৫	গাইবান্ধা জেলায় মোট ৫টি নদী		

পুকুরঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	কয়টি	ব্যবহার (কি কি কাজে)	উপকারীতা	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	গাইবান্ধা সদর	২৮২৮	মাছ চাষ ও দৈনিন্দন ব্যবহারের কাজে	পুকুরের সংখ্যাঃ ২০৯৮৬ টি । মৎস খামারঃ ৬৪ টি । মৎস পোনা উৎপাদন কারী খামারঃ ২২৩ টি। খাস পুকুরের সংখ্যাঃ ৭২টি।	ব্যক্তি মালিকানা-২০৭৮৮৫ টি,সরকারী-৩০টি, প্রতিষ্ঠানিক-১৭টি। উপজেলা নার্সারী পুকুর সংখ্যা ১৫৪টি, বেসরকারী হ্যাচারী৬ ০টি। বাৎসরিক মৎস্য চাহিদা৪০৭০.৫৫ মেঃটন। বাৎসরিক মৎস্য উৎপাদন । ২৮৪২.২৩ মেঃটন
২	সাদুল্লাপুর	৪৩৪৭			
৩	পলাশবাড়ী	৫৯৮			
৪	সাঘাটা	১,৩০৭			
৫	গোবিন্দগঞ্জ	৬২২৭			
৬	ফুলছরি	৮২৫			
৭	সুন্দরগঞ্জ	৪৮৫৪			
	মোট	২০৯৮৬			

খালঃ

ক্রমঃ	উপজেলার নাম	কয়টি	উপকার	অপকার	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	গাইবান্ধা সদর	০৬	খালের পানি সেচের কাজে ব্যবহার করা যায়, খালে মাছ পাওয়া যায়, গবাদিপশুগোসল করানো যায় এবং খালের পাড়ে ফল ও কাঠের বৃক্ষ রোপন করা যায়। খালের পানি সেচের কাজে ব্যবহার করা যায়, খালে মাছ পাওয়া যায়, গবাদিপশু গোসল করানো যায় এবং খালের পাড়ে ফল ও কাঠের বৃক্ষ রোপন করা যায়।	খালের আপকার নদীর জোয়ারের পানি খালে প্রবেশ করে আনেক সময় জমির ফসল নষ্ট করে দেয় এবং বীজতলা তলিয়ে যায়। খালের আপকার নদীর জোয়ারের পানি খালে প্রবেশ করে আনেক সময় জমির ফসল নষ্ট করে দেয় এবং বীজতলা তলিয়ে যায়।	জুমারবাড়ি খাল, দলদলিয়া খাল, হেলেঞ্চা খাল, কালপানি খাল,নলছিয়া খাল, বেড়া খাল, জৈলতলা খাল, কৈচড়া খাল, চরপাড়া খাল, ঝিগাগাড়া খাল ও সাতালিয়া খাল। খালের দৈর্ঘ ৯০ কি:মি: ভেবরার খাল, ভিটা সাখইল খাল, সোনাতলা খাল, মাঝারেরখাল, বেড়া খাল, কোরগাছা খাল, ঝাউলাপাড়া খাল, কুটিপাড়া খাল ও নাওভাঙ্গা খাল। খালের দৈর্ঘ ৯০কি:মি:
২	সাদুল্লাপুর	০৯			
৩	পলাশবাড়ী	১৪			
৪	সাঘাটা	২৮			
৫	গোবিন্দগঞ্জ	১৪			
৬	ফুলছরি	১			
৭	সুন্দরগঞ্জ	২১			
	মোট	৭৪			

বিলঃ

ক্রমঃ	ইউনিয়নের নাম	কয়টি	ব্যবহার	উপকারীতা
১	গাইবান্ধা সদর	০৬	ব্যবহার বিলে মাছ পাওয়া যায়, বিলের জমিতে কৃষি কাজকরা যায়, শুষ্ক মৌসুমে গরু, মহিষ, বেড়া ও ছাগল চরানো যায়, এবং উপকার মাছ পাওয়া যায়, বিলের জমিতে কৃষি কাজ করা যায়, শুষ্ক মৌসুমে গরু, মহিষ, ভেড়া ও ছাগল চরানো যায়।	
২	সাদুল্লাপুর	৪৯		
৩	পলাশবাড়ী	২৪		
৪	সাঘাটা	৬৫		
৫	গোবিন্দগঞ্জ	৭০		
৬	ফুলছরি	১৬		
৭	সুন্দরগঞ্জ	১৫		
	মোট	১৪০		

দ্বিতীয় অধ্যায়ঃ দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১. দুর্যোগের সার্বিক ইতিহাস

গাইবান্ধা জেলার প্রধান আপদ বন্যা, নদী ভাঙ্গন, ঘুর্নিঝড় খরা ও শৈত্যপ্রবাহ। দুর্যোগগুলো সকল উপজেলায় কম-বেশী হয়ে থাকে। কোন উপজেলায় বন্যা বেশী , কোন উপজেলায় নদীভাঙ্গন বেশী আবার কোন কোন উপজেলায় খরা ও শৈত্যপ্রবাহ কম বেশী হয়ে থাকে।বন্যা আষাঢ়, শ্রাবন, ভাদ্র ও আশ্বিন মাসে ঘটে। অতিবৃষ্টি, ও প্রাকৃতিক কারণে বন্যা হয়। অতীতে বন্যার পানির উচ্চতা ১২ -১৫ ফুট হয়েছিল । ৩-৫ দিনের মধ্যে পুরো এলাকা প্লাবিত হয়ে গিয়েছিল ।বন্যার পানি ২৫-৩০ দিন স্থায়ী হয়েছিল।বন্যার পানি ও কাল বৈশাখী ঝড় সাধারনত দক্ষিন-পশ্চিম ও পূর্ব উত্তর কোন হতে প্রবাহিত হয়েছিল। ।।নদী ভাঙ্গন জৈষ্ঠ, আষাঢ়, শ্রাবন, ভাদ্র, আশ্বিন ও কার্তিক মাসে ঘটে। নদীর ঢেউ ও নদীর স্রোতের কারণে নদী ভাঙ্গন হয়। খরা ফাল্গুন, চৈত্র ও বৈশাখ মাসে হয় কাল বৈশাখী ঝড় বৈশাখ-জৈষ্ঠ মাসে হয় এবং শৈত্যপ্রবাহ পৌষ-মাঘ মাসে হয় । মানুষের ঘরবাড়ি নষ্ট হয়, ফসল নষ্ট হয়, যাতায়তের কষ্ট হয়, মানুষ মারা যায়, গবাদিপশু মারা যায়, নিরাপদ পানির সমস্যা হয় ও মানুষ আশ্রয়হীন হয় ও প্রতিষ্ঠান নষ্ট হয়।

ক্ষয়ক্ষতির পরিমানঃ বন্যায় ক্ষতি হয় প্রায় ৭৭ কোটি ১৫ লক্ষ টাকা, নদী ভাঙ্গনে ক্ষতি হয় প্রায় ২৩১ কোটি ১০ লক্ষ, কাল বৈশাখী ঝড়ে ক্ষতি হয় প্রায় ৮ কোটি ৯৫ লক্ষ ও শৈত্যপ্রবাহে ক্ষতি হয় প্রায় ৪ কোটি ৪৭ লক্ষ টাকার ক্ষতি হয় ও খরায় ক্ষতি হয় প্রায় ৪ কোটি ৯৫ লক্ষ টাকা।

সাম্প্রতিক কয়েকটি দুর্যোগের খুব সংক্ষিপ্ত বর্ননাঃ ১৯৯৮, ২০০৫, ২০০৬, ২০০৭, ২০০৮, ২০০৯, ২০১০ ও ২০১২ সালে নদী ভাঙ্গন, ১৯৯৮, ২০০৩, ২০০৪, ২০০৫, ২০০৬, ২০০৭, ২০০৮, ২০০৯, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে বন্যা, ২০০৪, ২০০৬, ২০০৮, ২০০৯, ২০১১ ও ২০১২ সালে কাল বৈশাখী ঝড়, ২০০৩, ২০০৬, ২০০৯, ২০১২ ও ২০১৩ সালে খরা ও ২০০৫, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে শৈত্য প্রবাহ এতে মানুষের ঘরবাড়ি নষ্ট হয়, ফসল নষ্ট হয়, যাতায়তের কষ্ট হয়, মানুষ মারা যায়, গবাদিপশু মারা যায়, নিরাপদ পানির সমস্যা হয় ও মানুষ আশ্রয়হীন হয়।

উপজেলার নাম	দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/ উপাদান ক্ষতিগ্রস্থ হয়
গাইবান্ধা সদর	কালবৈশাখী ঝড়	২৩-০৪-২০০৫	৩০,৭৫০০০/-	ঘরবাড়ী, ফসল, গাছপালা, প্রতিষ্ঠান, রাস্তাঘাট, গবাদীপশু পাখি ইত্যাদি।
	বন্যা	০৭-০৯-২০০৮	৩৯,৯৫১২৭/-	ঘরবাড়ী, ফসল , রাস্তাঘাট, গবাদীপশু পাখি ইত্যাদি।
সাদুল্লাপুর	কালবৈশাখী ঝড়	২৩-০৪-২০০৫	৪৫,০০০০০/-	ঘরবাড়ী, ফসল, গাছপালা, প্রতিষ্ঠান, রাস্তাঘাট, গবাদীপশু পাখি ইত্যাদি।
	টর্নেডো	২০-০৩-২০০৫	১,৩০০০০০০/-	ঘরবাড়ী, ফসল, গাছপালা, প্রতিষ্ঠান, রাস্তাঘাট, গবাদীপশু পাখি ইত্যাদি।
পলাশবাড়ী	বন্যা	১৬-১০-২০০৫	১৮,০০০০০/-	ঘরবাড়ী, ফসল , রাস্তাঘাট, গবাদীপশু পাখি ইত্যাদি।
সুন্দরগঞ্জ	বন্যা, নদী ভাঙ্গন, খরা, কালবৈশাখী, শৈত্য প্রবাহ	১৯৯৮,২০০৫ ও ২০১২	বেলকা ইউনিয়নের ৩৪১০টি পরিবারের বসতভিটায় পানি ওঠে সম্পদ নষ্ট হয়ে আনুমানিক ১ কোটি ৮২ লক্ষ টাকা ক্ষতি হয়,	**বেলকা ইউনিয়নের ১৪টি স্কুলের মাঠে পানি ওঠে ১ নং ওয়ার্ডের ব্যাক্রিরীর চর রেজিঃ প্রাথমিক বিদ্যালয়, ২নং ওয়ার্ডের চর বিরহিম সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২নং ওয়ার্ডের শ্যারায়ের পাট সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৪ নং ওয়ার্ডের** পঞ্চান্দ বে-সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৫নং ওয়ার্ডের মন্ডলপাড়া বে- সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৬ নং ওয়ার্ডের চর বেলকা সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৬ নং ওয়ার্ডের পূর্ব কিশামত নুরানী হাফিজিয়া মাদ্রাসা, ৭নং ওয়ার্ডেল বটতলী দাখিল মাদ্রাসা, ৭ নং ওয়ার্ডের ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮নং ওয়ার্ডের বেগুনবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮ নং ওয়ার্ডের চৌমহনি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮ নং ওয়ার্ডের মজিদপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়, ৯ নং ওয়ার্ডের জহুরুল্ল হক সরদার উচ্চ বিদ্যালয়, ৯ নং ওয়ার্ডের তালুক বেলকা সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৭০০০ জন ছাত্র/ ছাত্রীর লেখা পড়া বন্ধ হয়। বেলকা ইউনিয়নের ৩১৭৬ টি পরিবার ১৫৮০ একর জমির বীজ ডুবে গিয়ে আনুমানিক ৬ লক্ষ টাকার বীজতলা ক্ষতি হয় বেলকা ইউনিয়নের ৪০০০ টি পরিবারের ২০০০ একর জমির ফসল নষ্ট হয়ে পরিবার গুলোর আনুমানিক ১৫ লক্ষ টাকার ফসল ক্ষতিহয় ।

২.২ উপজেলার আপদসমূহ

আপদ	অগ্রাধিকার
১. নদীভাঙ্গন	১. বন্যা
২. বন্যা	২. নদীভাঙ্গন
৩. খরা	৩. কালবৈশাখী ঝড়
৪. কালবৈশাখী ঝড়	৪. খরা
৫. অতিবৃষ্টি	৫. শৈতপ্রবাহ
৬. শৈত্যপ্রবাহ	৬. অতিবৃষ্টি

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষৎ চিত্র বিস্তারিত বর্ণনাঃ

১। বন্যাঃ

গাইবান্ধা একটি বন্যা কবলিত জেলা। আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত বন্যা অব্যহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। আবাদী জমিতে বালি পড়ার কারণে কোন ফসল চাষ করা যায় না।। প্রতি বৎসর বন্যা হলেও ১৯৯৮, ২০০৩, ২০০৪, ২০০৫, ২০০৭, ২০০৮, ২০০৯, ২০১১ ও ২০১৩ সালের বন্যা ছিলসবচেয়ে ব্যাপক।

২। নদীভাঙ্গনঃ

গাইবান্ধা জেলার সকল উপজেলায় প্রতি বছরই কম-বেশী নদী ভাঙ্গন হয়ে থাকে। এ। প্রতিবৎসর নদীভাঙ্গন অব্যহত থাকে। নদীভাঙ্গন আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত । যার ফলে এলাকার কৃষি ফসল, ঘরবাড়ী, রাস্তাঘাট, গাছপালা ব্যাপক হারে ফুলজোড় নদীগর্ভে বিলিন হয়ে গেছে। ফলে খাদ্য উৎপাদন ব্যহত হয়, মানুষ আশ্রয়হীন হয় এবং পরিবেশের ক্ষতি হয়। সরকারী ভাবে নদীতে কৃষক দ্বারা বাঁধ, নদী ড্রেজিং করে নদীর গতিপথ পরিবর্তন এবং বন্যার সময় পানি কমানোর জন্য টি বাঁধ নির্মাণ করা না হলে বিভিন্ন এলাকার সাথে যোগাযোগ বন্ধ হয়ে যাবে এবং বহু আবাসস্থল বিলীন হয়ে যাবে। প্রতি বৎসর নদী ভাঙ্গনহলেও ১৯৯৮, ২০০৩, ২০০৪, ২০০৫, ২০০৭, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালেরনদী ভাঙ্গনে ব্যাপক ক্ষতি হয়।

৩। কালবৈশাখীঃ

গাইবান্ধা জেলায় কালবৈশাখী ঝড়ে ব্যাপক ক্ষতি সাধিত হয়।। বৈশাখ মাসে কালবৈশাখী অব্যাহত থাকে। যার ফলে এলাকার কৃষি ফসল, ঘরবাড়ী, রাস্তাঘাট, গাছপালা ব্যাপক হারে বিলিন হয়ে গেছে। ফলে খাদ্য উৎপাদন ব্যহত হয়, মানুষ আশ্রয়হীন হয় এবং পরিবেশের ক্ষতি হয়। ফলে রাস্তার ও বাড়ীর আশে পাশে অধিক হারে গাছ লাগাতে হবে এবং আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তন ঘটাতে হবে।এর মধ্যে ২০০৮, ২০০৯, ২০১১ ও ২০১২ সালেরকালবৈশাখী ঝড়ে এলাকার ব্যাপক ক্ষতি হয়।

৪. খরাঃ

গাইবান্ধা জেলায় খরা প্রকট আকার ধারন করে। খরা সাধারনত ফাল্গুন-চৈত্র ও বৈশাখ মাসে হয়। খরার ফলে বৃষ্টিপাত হয় না তাপমাত্রা বেড়ে যায় এতে মানুষের কষ্ট বাড়ে,ফসলের ক্ষতি হয়, খাল বিল শুকিয়ে যায় ও মানুষ মারা যায়। সাঘাটায় ২০০৩, ২০০৯, ও২০১৩ সালের খরায় এবং গোবিন্দগঞ্জে ২০০৩, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১ ও২০১৩ সালের খরায় সবচেয়ে বেশী ক্ষতি হয়।

৫. শৈত্য প্রবাহঃ

প্রায় প্রতি প্রতি বছরই জেলায় শৈত্য প্রবাহ প্রকট আকার ধারন করে। শৈত্য প্রবাহসাধারনত পৌষ-মাঘ মাসে হয়। শৈত্যপ্রবাহের ফলে মানুষের কষ্ট বাড়ে, ফসলের ক্ষতি হয় ও মানুষ মারাযায়। এর মধ্যে ২০০৩, ২০০৪, ২০০৯, ২০১১ ও ২০১২ সালের শৈত্যপ্রবাহে গোবিন্দগঞ্জ এলাকায় সবচেয়ে বেশীক্ষতি হয়। সাঘাটা এলাকায় সবচেয়ে বেশী ক্ষতিহয় ২০০৫, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের শৈত্যপ্রবাহে।

৬. ঘূর্ণিঝড়ঃ

মাঝে মাঝে গোবিন্দগঞ্জ উপজেলায় ঘুর্নিঝড় আঘাত আনে। বৈশাখ জৈষ্ঠ্য মাসেই ঘুর্নিঝড় আঘাত হানে। ঘূর্ণিঝড়ে এলাকার কৃষি ফসল, ঘরবাড়ি, শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তাঘাট ও গাছপালার ব্যাপক ক্ষতিসাধন হয়।এতে মানুষ আশ্রয়হীন হয়, যোগাযোগ ব্যবস্থা ধ্বংশ হয় ও পরিবেশের ক্ষতি হয়। ২০০১,২০০৩, ২০০৭, ২০১০ ও ৩০১৩ সালের ঘূর্ণিঝড়ে উপজেলার ব্যাপক ক্ষতি হয়।

৭. জমিতে বালু পড়াঃ

জেলায় ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা। বন্যা হলে নদীভেঙ্গে ও বাঁধ ভাঙ্গার ফলে জমিতে বালি পড়ে। জমিতে বালি পড়ার কারণে কোন ফসল চাষ করা যায় না জমিতে বালি পড়ার কারণে কৃষি উৎপাদন ব্যহত হয়। তারমধ্যে ২০০৭ ও ২০০৯ সালে জমিতে বালু পড়ারকারণে ক্ষতির পরিমান ছিল সবচেয়ে বেশী। যার ফলে এই উপজেলার প্রায় ৩০০-৩৫০একর জমিতে চাষবন্ধ ছিল ।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা-

আপদ	বিপদাপন্ন	সক্ষমতা
১. বন্যা	▯ বন্যায় ফসলের ক্ষতি হয়। ▯ কাচা ঘর-বাড়ি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়। ▯ ব্যবসা ক্ষেত্রে বাজারের দোকান-পাট/মজুদগৃহে দ্রব্য-সামগ্রী বন্যার পানিতে নষ্ট হয়ে যায়, এতে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্থ হয়। ▯ দিন-মজুরদের কাজের অভাব হয়। ▯ রাস্তা, কালভার্ট, ব্রীজ ভেঙ্গে গিয়ে ক্ষতি হয়। ▯ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে । যোগাযোগ কষ্টসাধ্য হয়। ▯ স্কুল-কলেজ, মাদ্রাসায় বন্যার পানিতে ভেসে যায় । এসকল অবকাঠামো ক্ষতি-গ্রস্থ হয়। বন্যার সময় ছাত্র-ছাত্রিদের লেখা-পড়ায় ব্যাঘাত ঘটে। অবকাঠামো মেরামত না হওয়ার কারণেও ছাত্র-ছাত্রিদের লেখাপড়ায় ব্যাঘাত ঘটে। ▯ জেলার নদী তীরবর্তী এলাকা, নীচু এলাকা ও চর এলাকা বন্যার পানিতে সম্পন্নভাবে ডুবে যায়। এখানকার মানুষ চড়মভাবে বিপদগ্রস্থ হয়ে পড়ে। ▯ জেলার কবরস্থান ডুবে যায়। ▯ বন্যার সময় শিশু প্রতিবন্ধি, গর্ভবতী, বয়স্করা বেশি ঝুকিতে থাকে।	• বন্যার সময় শিশু, প্রতিবন্ধি বয়স্কদের ক্ষেত্রে বিভিন্ন সংস্থার মাধ্যমে সচেতনতা মূলক প্রোগ্রাম করা হয়। • বাঁধ/রাস্তার দু-ধারে বন্যা সহনশীলতা বৃক্ষ রোপন করার সুযোগ আছে। • নদী ভাঙ্গন রোধে নদীর ধারে বাঁধের সাথে ব্লক তৈরী করার সুযোগ আছে। • বাধঁ নির্মাণের সুযোগ আছে • দুস্থ মানুষদের জমিতে স্থানান্তর করার সুযোগ আছে। • বন্যায় ডুবে যাওয়া এলাকার ঘর-বাড়ী, রাস্তা-ঘাট,বিভিন্ন অবকাঠামো, কবরস্থান, খেলার মাঠ বন্যা লেভেলের উপরে তৈরী করার সুযোগ আছে।
২. নদীভাঙ্গন	▯ বাসস্থাননদীগর্ভে বিলিন হয়ে যায়। ▯ ঘর-বাড়ি, স্কুল-কলেজ, মাদ্রাসায়, মসজিদ, বিভিন্ন অবকাঠামো নদীগর্ভে হারিয়ে যায়। ▯ আবাদী জমি নদীগর্ভে বিলিন হয়ে যায়। । ▯ রাস্তাঘাট,ব্রীজ, কালভার্ট, নদীগর্ভে বিলিন হয়ে যায়।	• উপজেলায় নদীভাঙ্গন রোধে টি-বাঁধ আছে। • পানি উন্নয়ন বোড কর্তৃক নদী ভাঙ্গন রোধে পদক্ষেপ গ্রহন করেন। • নদী ভাঙ্গন রোধে নদীর ধারে বাঁধের সাথে ব্লক তৈরী করার সুযোগ আছে। • নদী ও খালের নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিংকরার আছে • বাধের দু ধারে গাছ লাগানো ও মেরামত করে বেড়ীবাঁধ মজবুত করার যায় • নেতুন বেড়ীবাঁধ করার জন্য জায়গা আছে
৩. কালবৈশাখী ঝড়	▯ ঝড়ে গাছপালার ক্ষতি হয়। ▯ ঘরবাড়ি নষ্ট হয়। ▯ ফসলেরও ক্ষতি হয়।	• উপজেলা বনবিভাগ হইতে বেশি বেশি করে বনায়ন সৃষ্টি করা । • পূর্ব প্রস্তুতি হিসেবে কাঁচাঘর গুলোতে শক্ত খুঁটি দ্বারা মেরামত করা হয়। • সকল ধরনের অবকাঠামো কালবৈশাখী ও ঘূর্ণিঝড় সহনশীল করে তৈরীর সুযোগ আছে।
৬. শৈত্যপ্রবাহ	▯ ফসলের ক্ষতি হয়। ▯ গাছপালার ক্ষতি হয়। ▯ জীবন যাত্রার কষ্টকর হয়ে পড়ে।	• শৈত প্রবাহ একটি জলবায়ু পরিবর্তনের প্রভাব। বেশি বেশি বনায়নের সৃষ্টি করারসুযোগ আছে। • উপজেলায় শৈত প্রবাহ মোকাবেলায় শীত বস্ত্রের ব্যবস্থা করার সুযোগ আছে।

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্নজনসংখ্যা
নদীভাঙ্গন	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ উপজেলা,	নদী এলাকা (এই উপজেলা গুলির পাশ দিয়ে তিস্তা এবং বক্ষ্মপুত্র নদী প্রবাহিত হয়েছে।	প্রায় ৩০,৬৭০ পরিবার
বন্যা	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ উপজেলা,	নদী এবং নিচু এলাকা (এই উপজেলা গুলির পাশ দিয়ে তিস্তা এবং বক্ষ্মপুত্র নদী প্রবাহিত হয়েছে।	প্রায় ৩০,৬৭০ পরিবার
খরা	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ, গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ , পলাশবাড়ী, সাদুল্লাপুর উপজেলা	জলবায়ুর পরিবর্তন এবং বন, জঙ্গল উজার হয়ে যাওয়া।	
ঝড়	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ, গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ , পলাশবাড়ী, সাদুল্লাপুর উপজেলা	জলবায়ুর পরিবর্তন এবং বন, জঙ্গল উজার হয়ে যাওয়া।	
কালবৈশাখী ঝড়	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ, গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ , পলাশবাড়ী, সাদুল্লাপুর উপজেলা	জলবায়ুর পরিবর্তন, মৌসুমী আবহওয়া এবং বন, জঙ্গল উজার হয়ে যাওয়া।	
শৈত্যপ্রবাহ	সাঘাটা , ফুলছরি , সুন্দরগঞ্জ, গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ , পলাশবাড়ী, সাদুল্লাপুর উপজেলা	জলবায়ুর পরিবর্তন, মৌসুমী আবহওয়া এবং বন, জঙ্গল উজার হয়ে যাওয়া।	

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাতে সমন্বয়
কৃষি	**সাদুল্ল্যাপুরঃ** ▯ সাদুল্লাপুর উপজেলায় ২০১২ সালের মত **শৈত্যপ্রবাহ** হলে ৪৬৬৮৩ একর জমির মধ্যে ৩১০০ একর জমির (আমন ধান, রবিশষ্য, কুল, পেয়ারা, শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▯ সাদুল্লাপুর উপজেলায় **খরার** কারণে ৪৬৬৮৩ একর জমির মধ্যে ১৮০০ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▯ সাদুল্লাপুর উপজেলায় ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে কিংবা বড় ধরনের কাল বৈশাখী ঝড় আঘাত হানলে ৪৬৬৮৩ একর জমির মধ্যে ২৪০০ একর জমির (আমন ধান, রবিশষ্য, কুল, পেয়ারা , শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▯ সাদুল্লাপুর উপজেলায় ১৯৯৬ সালের মত **বন্যা** হলে মোট ৬৬৮৩ একর ফসলী জমির মধ্যে ৪৩০৪ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। **পলাশবাড়ী০ঃ** ▯ পলাশবাড়ী উপজেলায় ২০০৫ সালের মত **বন্যা** হলে কিশোরগাড়ী, হোসেনপুর, হরিনাথপুর , মহদীপুর ইউনিয়নের ২৩২৫৫ একর জমির মধ্যে ১২২৩ একর জমির (আমন ধান, রবিশষ্য, কূল, শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▯ পলাশবাড়ী উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে কিংবা বড় ধরনের কালবৈশাখী ঝড় আঘাত হানলে ২৫০০ একর জমির (আমন ধান, রবিশষ্য, কুল, শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▯ পলাশবাড়ী উপজেলায় ৯ ইউনিয়নে **খরার** কারণে ৪২৯৮৪ একর জমির মধ্যে ৭০০০ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে	▪ আমন ধানের চারা উৎপাদনে বৃষ্টির পানি ব্যবহার করা ▪ কলমের ফল গাছ (রুট কাটিং/খাসিকরণ) সরবরাহ ▪ জমিতে জৈব সার ব্যবহার করা ▪ ঝড় ও খাড়া পূর্বে পাকা ধান গাছ মাটির সাথে চাপা দেওয়া ▪ বাঁধ শক্ত ও মজবুত করা ও পানি নিষ্কাশন ব্যবস্থা (ড্রেন) উন্নয়ন করা ▪ খাল খনন ও সেচ ব্যবস্থা নিশ্চিত করা

	পারে। □ পলাশবাড়ী উপজেলায় ২০১১, ২০১২ সালের মত **শৈত প্রবাহ** হলে মোট ৭৫০০ একর ফসলী জমির মধ্যে ৪৫০০ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। **ফুলছরিঃ** □ ফুলছরি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ফজলুপুর, উড়িয়া, ফুলছরি , গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালীর মোট **২২০৪০** একর আবাদী জমির মধ্যে ৫৮৭০ একর জমির (আমন ধান, রবিশষ্য, শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। □ ফুলছরি উপজেলায় ২০১২ সালের মত **নদী ভাঙ্গন** হলে গজাড়িয়া, উড়িয়া, কঞ্চিপাড়া, ইউনিয়নের মোট **১০৯৮৪** একর ফসলী জমির মধ্যে ৩৮০০ একর জমির ফসলের ব্যাপক ক্ষতি হবে এবং ২৫৪ জমি নদী গর্ভে বিলিন হয়ে যেতে পারে । □ ফুলছরি উপজেলায় ২০১১ সালের মত **কাল বৈশাখী** ঝড় আঘাত হানলে উড়িয়া, ফুলছরি , গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া, ফজলুপুর **২৬১৬১** একর জমির মধ্যে ৩৫৮৯ একর জমির (আমন ধান, রবিশষ্য, কুল, পেয়ারা , শাক সবজি) ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। □ ফুলছরি উপজেলায় ২০০৯ সালের মত **শৈত প্রবাহ** হলে মোট আবাদী জমির মধ্যে ৩৫২১ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। **সাঘাটাঃ** □ সাঘাটা উপজেলায় ২০০৭ সালের **বন্যায়** হলদিয়া ইউনিয়নের ২৭০৬টি পরিবারের বসত ভিটায় পানি উঠে ১০ লক্ষ টাকার সম্পদ নষ্ট হয়ে যায় । পুনরায় এধরনের কোন বন্যা হলে এর মাত্রা ছাড়িয়ে যাবে। সাঘাটা উপজেলায় ২০০৬, ২০১২ সালের মত **বন্যা** হলে মোট ৪৪৬০০ একর জমির মধ্যে ৩২৫০ একর জমির ফসলের ক্ষতি হতে পারে । □ সাঘাটা উপজেলায় ২০০৫, ২০১২ সালের মত **শৈত প্রবাহ ও কালবৈশাখী ঝড়** হলে সাঘাটা উপজেলার মোট জমির ৪৪৬০০ একর জমির মধ্যে ১৪৩৫ একর জমির ক্ষতিগ্রস্থ হতে পারে এতে মোট ১১৭৭৫ পরিবার বিভিন্নভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে । □ ১৯৯৮ সালেরর মত **নদী ভাঙ্গন** হলে হলে সাঘাটা উপজেলার সাঘাটা, হলুদিয়া, জুমারবাড়ি, ঘুড়িদহ, কামালেরপাড়া, ও ভরতখালি। ইউনিয়নের ২৩২৫ একর জমি নদী গর্ভে বিলিন হয়ে যাবে। ফলে ৩২৪৬০ টি পরিবার নদী ভাঙ্গনের শিকার হতে পারে। □ **খরা ০ঃ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** হলে ৩২৪৫ একর জমির ধান চাষ ব্যহত হতে পারে । এবং ৬৮৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। **গোবিন্দগঞ্জঃ** □ গোবিন্দগঞ্জ উপজেলায় ২০০১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে উপজেলার ২৩৫ একর জমির শষ্য নষ্ট হওয়া সহ ১,৫২,০০০০.০০ টাকার (ঘর বাড়ী, শিক্ষাপ্রতিষ্ঠান, গাছপালার)ক্ষতি হতে পারে । □ শৈতপ্রবাহ গোবিন্দগঞ্জ উপজেলায় ২০১২ সালের মত **শৈত প্রবাহ** হলে সমস্ত উপজেলার ২৫৬৮ একর জমির আমন চাষ ব্যাহত হতে পারে, এবং বিভিন্ন প্রজাতির ২৫৪১টি গাছ নষ্ট হয়ে যেতে পারে ।	

	▯ **খরা** ঃ উপজেলায় ২০০৮ সালর মত **খরা** হলে ৩৫৪২ একর জমির ধান চাষ ব্যহত হতে পারে । **সুন্দরগঞ্জ ঃ** ▯ ২০০৫ সালেরর মত **নদী ভাঙ্গন** হলে হলে সুন্দরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৩৪৫৫ একর জমি নদী গর্ভে বিলিন হয়ে যাবে। ফলে ৬৪৫২টি পরিবার নদী ভাঙ্গনের শিকার হতে পারে । ▯ **খরা**ঃ **সুন্দরগঞ্জ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** হলে ৪২৫১ একর জমির ধান চাষ ব্যহত হতে পারে এবং ১২৩৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। ▯ **শৈতপ্রবাহঃ সুন্দরগঞ্জ** উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার ২৪৭৮ একর জমির আমন চাষ ব্যাহত হতে পারে, এবং বিভিন্ন প্রজাতির ২৬৫৪টি গাছ নষ্ট হয়ে যেতে পারে । **গাইবান্ধা সদরঃ** ▯ **গাইবান্ধা সদর** উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার ৩৬২০ একর জমির আমন চাষ ব্যাহত হতে পারে এবং বিভিন্ন প্রজাতির ৩২১৪টি গাছ নষ্ট হয়ে যেতে পারে । ▯ **খরাঃ** উপজেলায় ২০০৮ সালর মত খরা হলে ২৪২১ একর জমির ধান চাষ ব্যহত হতে পারে এবং ২৫৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। ▯ **গাইবান্ধা সদর** উপজেলায় ১৯৯৮ সালের মত বন্যা হলে সমস্ত উপজেলায় ১০,১৭৬টি পরিবারের বসত ভিটায় পানি উঠেবে এবং ৬৫৪২ একর জমির ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে, যা আগের মাত্রা ছাড়িয়ে যাবে।	
মৎস্য	**সাদুল্যাপুরঃ** ▯ সাদুল্লাপুর উপজেলাতে ১৯৯৬ সালের মত বন্যা হলে মোট ৪৩৫৪ টি পুকুরের মধ্যে ছোট-বড় ২১৫৪ টি পুকুরের বিভিন্ন জাতের মাছ ভেসে যেতে পারে । ▯ আবার **খরার** কারণে ইউনিয়নের বেশিরভাগ পুকুরের পানি শুকিয়ে যায় ফলে মাছ চাষ ব্যহত হয়। **পলাশবাড়ীঃ** ▯ পলাশবাড়ী উপজেলাতে **ঝড়ের** কারণে মোট ৫৯৮ টি পুকুরের মধ্যে ছোট-বড় ১০ টি পুকুরের বিভিন্ন জাতের মাছের ক্ষতি হতে পারে। ▯ বন্যা হলে এই উপজেলার কিশোরগাড়ী, হোসেনপুর, হরিনাথপুর, মহদীপুর ইউনিয়নের ৫৫ টি পুকুরের পানি বেড়ে মাছ ভেসে যাবে। ▯ আবার **খরার** কারণে ইউনিয়নের বেশিরভাগ পুকুরের পানি শুকিয়ে যায় ফলে মাছ চাষ ব্যহত হয়। **ফুলছরিঃ** ▯ ফুলছরি উপজেলাতে **বন্যার** কারণে ফজলুপূর, উড়িয়া, ফুলছরি , গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া ইউনিয়নের মোট ৮২৫ টি পুকুরের মধ্যে ছোট-বড় ২১৯ টি পুকুরের বিভিন্ন জাতের মাছের ক্ষতি হতে পারে। ▯ আবার **খরার** কারণে ইউনিয়নের বেশিরভাগ পুকুরের পানি শুকিয়ে যায় ফলে মাছ চাষ ব্যহত হয়।**শৈতপ্রবাহের** কার•ণ সকল ইউানিয়নের ছোট, বড় ৮২৫ টি পুকুরের প্রায় ২০,০০০০০/- টাকার মাছ মারা যেতে পারে । ▯ আবার **খরার** কারণে ইউনিয়নের বেশিরভাগ পুকুরের পানি শুকিয়ে যায় ফলে মাছ চাষ ব্যহত হয়। ▯ **সাঘাটাঃ**	▯ **পুকুরের** পাড় মজবুত করা- ▯ বাঁধ মেরামত ও তৈরী করা ▯ মৎস্যচাষীদের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা ▯ প্রতিবছর **পুকুর** সেচ দিয়ে কাঁদা কালো হলে ব্লিচিং পাউডার প্রয়োগ পাড় উচু করা ▯ **তিন** স্তর বিশিষ্ট মৎস্য চাষ করা ▯ বন্যা/জরোচ্ছাসের সময় ঘের জালবেষ্টিত রাখা ▯ ক্ষতিগ্রস্থ দরিদ্র মৎস্যচাষীদের জন্য সহায়তা প্রদান করা মাছের বাজার উন্নতকরন

	▯ সাঘাটা উপজেলায় ২০০৭ সালের মত বন্যা হরে ৩২৪টি পুকুরের মাছ ভেসে যেতে পারে । যা আগের মাত্রা ছাড়িয়ে যাবে। ▯ খরা ঃ উপজেলায় ২০০৮ সালর মত খরা হলে ৬৮৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। **▯ গোবিন্দগঞ্জঃ** ▯ শৈতপ্রবাহ গোবিন্দগঞ্জ উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার ১১২০ টি পুকুরের ব্যাহত হতে পারে। ▯ খরাঃ উপজেলায় ২০০৮ সালর মত খরা হলে ১৫৬৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে **▯ সুন্দরগঞ্জ ঃ** ▯ খরাঃ **সুন্দরগঞ্জ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** হলে ১২৩৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। ▯ **সুন্দরগঞ্জ** উপজেলায় ১৯৯৮ সালর মত **বন্যা** হলে ১২০০টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, **▯ গাইবান্ধা সদরঃ** ▯ খরাঃ উপজেলায় ২০০৮ সালর মত খরা হলে ২৫৪টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, যা গত সালের খরার ক্ষতির পরিমান কে ছাড়িয়ে যাবে। ▯ **গাইবান্ধা সদর** উপজেলায় ১৯৯৮ সালের মত বন্যা হলে সমস্ত উপজেলায় ৮৫২টি পুকুরের মাছ বন্যার পানিতে ভেসে যেতে পারে । যা আগের ক্ষতির মাত্রা ছাড়িয়ে যাবে।	
পশুসম্পদ	**সাদুল্ল্যাপুরঃ** ▯ সাদুল্লাপুর উপজেলাতে ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ২০০ টি গরু, ৫০০ টি ছাগল, ২৫০ টি ভেড়া, ১৪ টি মহিষ, ৮০০ টি হাঁস , ৯৫৪ টি মুরগী, ২০২ টি বন্য পশূপাখি, ঝড়ের আঘাতে বিলিন হওয়া সহ মারা যেতে পারে। **পলাশবাড়ীঃ** পলাশবাড়ী উপজেলাতে **কালবৈশাখী ঝড়** হলে ৩২০০ টি গরু , ৪০০০ টি ছাগল, ১৫০০ টি ভেড়া, ২০ টি মহিষ, ৬০০০ টি হাঁস , ৮০০০ টি মুরগী, ঝড়ের আঘাতে মারা যেতে পারে বা আংশিক ক্ষতি হতে পারে। যাতে করে এলাকার প্রতিটি পরিবার ক্ষতি হওয়া সহ প্রাকৃতিক সৌন্দর্য্য বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। **ফুলছুড়িঃ** • ফুলছরি উপজেলাতে ১৯৮৮ সালের **বন্যা** হলে ৪২৫০ টি গরু , ৫৬৩১ টি ছাগল, ৩২১০ টি ভেড়া, ২৫ টি মহিষ, ৫২৪১ টি হাঁস , ৯২৫৭ টি মুরগী, বিভিন্ন রোগে, আক্রান্ত হয়ে আথবা ভেসে গিয়ে মারা যেতে পারে। যাতে করে এলাকার প্রতিটি পরিবার ক্ষতি হওয়া সহ প্রাকৃতিক সৌন্দর্য্য বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। **▯ সাঘাটাঃ** ▯ সাঘাটা উপজেলায় ২০০৭ সালের মত বন্যা হরে ১৪৪০টি পশুপাখি বিভিন্ন রোগে, আক্রান্ত হয়ে আথবা ভেসে গিয়ে মারা যেতে পারে। ▯ খরা ও শৈত্যপ্রবাহে সাঘাটা উপজেলায় ২০০৭ সালর মত খরা ও শৈত্যপ্রবাহে হলে ১২৫০টি পশুপাখি প্রচন্ড তাপদাহে ও তীব্র শীতে ক্ষতি হতে পারে। **▯ গোবিন্দগঞ্জঃ** ▯ খরা ও শৈতপ্রবাহ গোবিন্দগঞ্জ উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার ৬৪০টি পশুপাখি প্রচন্ড তাপদাহে ও তীব্র শীতে ক্ষতি হতে পারে।	• মাটির কিল্লা নির্মান করা • সরকারী পতিত জমিতে গবাদি পশুর চরনভুমি তৈরি করা • পশুরখাদ্য তৈরি করার জন্য মিল তৈরি করার জন্য উদ্ভুত করা • পশাপশি জমিতে একত্রে পাতি হাঁস, মৎস্য, সবজি চাষ করা • আপদ সহনশীল সংকর জাতীয় পশুপাখি চাষে উদ্ভুত করা • পশুর টিকা সরবারহ নিশ্চিত করা

	সুন্দরগঞ্জ □ **খরা** ও শৈতপ্রবাহ **সুন্দরগঞ্জ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** ও শৈতপ্রবাহ হলে ৪৩০টি পশুপাখি প্রচন্ড তাপদাহে ও তীব্র শীতে ক্ষতি হতে পারে। □ **সুন্দরগঞ্জ** উপজেলায় ১৯৯৮ সালর মত **বন্যা** হলে ১২০০টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, □ **গাইবান্ধা সদরঃ** □ খরাঃ উপজেলায় ২০০৮ সালর মত **খরা** ও শৈতপ্রবাহ হলে ৩৫০টি পশুপাখি প্রচন্ড তাপদাহে ও তীব্র শীতে ক্ষতি হতে পারে। □ **গাইবান্ধা সদর** উপজেলায় ১৯৯৮ সালের মত বন্যা হলে সমস্ত উপজেলায় ৭৬০টি পশুপাখি বিভিন্ন রোগে, আক্রান্ত হয়ে অথবা ভেসে গিয়ে মারা যেতে পারে।	
স্বাস্থ্য	**সাদুল্লাপুরঃ** □ সাদুল্লাপুর উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে ২৪৪৭৯২ জন সংখ্যার মধ্যে বিভিন্ন রোগে (ডায়েরিয়া, আমাশয়, টাইফয়েট, লোকের জন্ডিস ইত্যাদি) ১% আক্রান্ত হওয়া সহ অকালে মারা যেতে পারে। যার ফলে উপজেলার পতিটি পরিবার আর্থিক অস্বচ্ছলতা সহ বিভিন্নভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। □ **খরা ও শৈত্যপ্রবাহে** ৩% -৪% লোক বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে। **পলাশবাড়ীঃ** □ পলাশবাড়ী উপজেলায় **বন্যা** হলে ২৪৪৭৯২ জন সংখ্যার মধ্যে ২% লোক ডায়েরিয়া, ২% লোক আমাশয় ১% টাইফয়েট ১% লোকের জন্ডিস ৫% লোকের ডায়েরিয়া জনিত এবং ৩% লোক চর্ম রোগে আক্রান্ত হওয়া সহ অকালে মারা যেতে পারে। □ **খরা ও শৈত্যপ্রবাহে** ২% -৩% লোক বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে। □ পলাশবাড়ী উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে ২৪৪৭৯২ জন জন সংখ্যার মধ্যে বিভিন্ন রোগে (ডায়েরিয়া, আমাশয়, টাইফয়েট, লোকের জন্ডিস ইত্যাদি) ১% আক্রান্ত হওয়া সহ অকালে মারা যেতে পারে। **ফুলছুড়িঃ** □ফুলছরি উপজেলাতে ১৯৮৮ সালের **বন্যা** হলে ৪২৫০ টি গরু , ৫৬৩১ টি ছাগল, ৩২১০ টি ভেড়া, ২৫ টি মহিষ, ৫২৪১ টি হাঁস , ৯২৫৭ টি মুরগী, বিভিন্ন রোগে, আক্রান্ত হয়ে আথবা ভেসে গিয়ে মারা যেতে পারে। □ **খরা ও শৈত্যপ্রবাহে** ২% -৩% লোক বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে। **সাঘাটাঃ** সাঘাটা উপজেলায় ২০০৭ সালর মত **খরা ও শৈতপ্রবাহ** হলে সমস্ত উপজেলার মোট জনসংখ্যার ৩-৪% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। উপজেলায় ২০০৭ সালের মত **বন্যা** হলে সমস্ত উপজেলায় ৪-৬% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। **গোবিন্দগঞ্জঃ** **খরা ও শৈতপ্রবাহ** গোবিন্দগঞ্জ উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার মোট জনসংখ্যার ৩-৪% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। উপজেলায় ১৯৯৮ সালের মত **বন্যা** হলে সমস্ত উপজেলায় ৩-৫% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে	• স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা • দুর্যোগে স্বস্থ্যের ঝুকি বিষয়ে ডাক্তারদের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা • ইউনিয়ন পর্যায়ে স্বস্থ্যকেন্দ্র ও কমোনিটি ক্লিনিকের সেবার মান বৃদ্ধি করা • প্রাথমিক চিকিৎসার প্রয়োজনিয় ওষধ সরবারহ নিশ্চিত করা • বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করা • দুর্যোগের কারণে পঙ্গু ব্যক্তিদের পুর্নবাসনের ব্যবস্থা করা • পর্যাপ্ত টিকা ও প্রতিষেধকের ব্যবস্থা করা

	পারে। **সুন্দরগঞ্জ** **খরা ও শৈতপ্রবাহ** গোবিন্দগঞ্জ উপজেলায় ২০০৮ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার মোট জনসংখ্যার ৩-৪% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। উপজেলায় ১৯৯৮ সালের মত **বন্যা** হলে সমস্ত উপজেলায় ৪-৬% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। **গাইবান্ধা সদর** **খরা ও শৈতপ্রবাহ** গোবিন্দগঞ্জ উপজেলায় ২০০৮ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার মোট জনসংখ্যার ৩-৪% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে। উপজেলায় ১৯৯৮ সালের মত **বন্যা** হলে সমস্ত উপজেলায় ৩-৫% মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে কিছু প্রাণহানিও ঘটতে পারে।	
জীবিকা	**সাদুল্লাপুরঃ** সাদুল্লাপুর উপজেলায় মোটামুটি ৫ ধরনের জীবিকার লোক আছে। যথা-কৃষিজীবি , মৎস্যজীবি , ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী, শ্রমিক ও চাকুরীজীবি । **বন্যার** কারণে কৃষিজীবি ৪০ % মৎস্যজীবি ৩%ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী ৬০% শ্রমিক ও চাকুরীজীবি ৭ % প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে ক্ষতিতগ্রস্থ হতে পারে। **পলাশবাড়ীঃ** পলাশবাড়ী উপজেলায় মোটামুটি ৫ ধরনের জীবিকার লোক আছে। যথা-কৃষিজীবি , মৎস্যজীবি , ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী, শ্রমিক ও চাকুরীজীবি । **বন্যার** কারণে কৃষিজীবি ৪০% মৎস্যজীবি ২% ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী ৮০% শ্রমিক ও চাকুরীজীবি ১০ % অন্যন্য ১৮% প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে ক্ষতি গ্রস্থ হতে পারে। **ফুলছুড়িঃ** ফুলছরি উপজেলায় মোটামুটি ৫ ধরনের জীবিকার লোক আছে। যথা-কৃষিজীবি , মৎস্যজীবি , ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী, শ্রমিক ও চাকুরীজীবি। বন্যার কারণে কৃষিজীবি ৪০ %, মৎস্যজীবি ৪০%, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী ১০% শ্রমিক ৪০%, ও চাকুরীজীবি ৫ % প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	• টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করার লক্ষ্যে প্রশিক্ষন প্রদান করা • টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করা • মহিলাদের জন্য বসতবাড়ীতে আয়ের ব্যবস্থা করা • স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার করে জীবিকা নিশ্চিত করা • জনগোষ্টি ভিত্তিক বনায়ন সৃষ্টি করা • সমাজিক খাদ্য নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি করা • বিপদাপন্ন জনগোষ্টির জীবিকা নিশ্চিত করার জন্য সহায়তা প্রদান করা টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করার লক্ষ্যে প্রশিক্ষন প্রদান করা
গাছপালা	**সাদুল্ল্যাপুরঃ** সাদুল্লাপুর উপজেলাতে **শৈত্যপ্রবাহ** হলে ১০০০০ ফলজ গাছ ১৩৫০ বনজ গাছ, ৪২৫ ঔষধি গাছ সহ ৫০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। সাদুল্লাপুর উপজেলাতে **বন্যা** হলে ১৫০০০ ফলজ গাছ, ৫০০ বনজ গাছ, ৩০০ ঔষধি গাছ সহ ২০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। **পলাশবাড়ীঃ** পলাশবাড়ী উপজেলাতে **কালবৈশাখী ঝড়** হলে ১৫০০০ ফলজ গাছ ১০০০ ঔষধি গাছ সহ ৩০০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। পলাশবাড়ী উপজেলাতে বন্যা কিশোরগাড়ী, হোসেনপুর, হরিনাথপুর , মহদীপুর ইউনিয়নের ৭০০০ ফলজ গাছ, ৫০০ বনজ গাছ, ৩০০ ঔষধি গাছসহ ৭০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। **ফুলছুড়িঃ** ফুলছরি উপজেলাতে ১৯৮৮ সালের মত বন্যা হলে ৫৪২০টি	• রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা; • বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করন। • প্যারাবন সৃষ্টি করা; • পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা; • অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা। • বসত বাড়ীর ভিটা উচু করতে হবে। সাথে সাথে চারা রোপন করার জন্য মাটির মাদা তৈরী (1.5-2 ফুট ব্যাসের) ও উচু করতে হবে । • নিচু জমিতে বড়গাছ মেহেগুনি ও গাছ লাগাতে হবে। • মাটির আদ্রতা রক্ষার জন্য গাছের গোড়ায় মাদা তৈরী করতে হবে। যা খরার সময়

	ফলজ গাছ ২১৫০ ঔষধি গাছ সহ ৫০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। ▯ ফুলছরি উপজেলাতে ২০০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ২৫০ টি ফলজ গাছ, ৩০০ টি ঔষধি গাছ সহ ৪০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। **সাঘাটাঃ** ▯ সাঘাটা উপজেলায় ২০০৭ সালের মত বন্যা হলে ৫০০০টি চারা গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে। ▯ খরা ও শৈত্যপ্রবাহে সাঘাটা উপজেলায় ২০০৮ সালর মত খরা ও শৈত্যপ্রবাহে হলে ১৪৫০টি চারা গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে। **গোবিন্দগঞ্জঃ** খরা ও শৈতপ্রবাহ গোবিন্দগঞ্জ উপজেলায় ২০১২ সালের মত শৈত প্রবাহ হলে সমস্ত উপজেলার ৭৪০টি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে । **সুন্দরগঞ্জ** খরা ও শৈতপ্রবাহ **সুন্দরগঞ্জ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** ও শৈতপ্রবাহ হলে ১২০০টি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে। **সুন্দরগঞ্জ** উপজেলায় ১৯৯৮ সালর মত **বন্যা** হলে ৪২৫০টি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে। ▯ **গাইবান্ধা সদরঃ** উপজেলায় ২০০৮ সালর মত **খরা** ও শৈতপ্রবাহ হলে ৮৫০টি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে । **গাইবান্ধা সদর** উপজেলায় ১৯৯৮ সালের মত বন্যা হলে সমস্ত উপজেলায় ১৩৬০টি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হতে পারে ।	বাষ্পিভবন রোধ করবে। • ঘূর্ণিঝড়ের ঝুঁকি হ্রাস করার জন্য বসত বাড়ীর চারপাশে গুল্ম জাতিয় গাছ বেশী করে লাগাতে হবে। সাথে সাথে ফলদ গাছের চারা শক্ত খুঁটি দিয়ে বাঁধতে হবে।
অবকাঠামো	**সাদুল্লাপুরঃ** ▯ সাদুল্লাপুর উপজেলায় ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ২৫ টি প্রাথমিক বিদ্যালয়, ৫ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ১৫ টি মসজিদ, ৫ টি মন্দির, ৬ টি সরকারী ও বেসরকারী অফিস ২ টি স্বাস্থ্য কেন্দ্র, ৬ টি ক্লিনিক , ২০ টি কালভার্ট, ১৫ টি ব্রীজ, ১৫ কিলোমিটার পাকা রাস্তা, ১০ কিলোমিটার কাঁচা রাস্তা ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **পলাশবাড়ীঃ** ▯পলাশবাড়ী উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে ৪০ টি প্রাথমিক বিদ্যালয়, ১০ টি মাধ্যমিক বিদ্যালয়, ৮ টি মাদ্রাসা, ৪০ টি মসজিদ, ২৫ টি মন্দির, ৬ টি সরকারী ও বেসরকারী অফিস ১ টি হাসপাতাল, ৮ টি স্বাস্থ্যকেন্দ্র, ৬ টি ক্লিনিক , ২০ টি কালভার্ট, ১৫ টি ব্রীজ, ১৫ কিলোমিটার পাকা রাস্তা, ১০ কিলোমিটার কাঁচা রাস্তা ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **ফুলছরিঃ** ▯ফুলছরি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ৩০ টি প্রাথমিক বিদ্যালয়, ১০ টি মাধ্যমিক বিদ্যালয়, ৮ টি মাদ্রাসা, ২০ টি মসজিদ, ও সরকারী, বেসরকারী অফিস সহ ১ টি স্বাস্থ্য কেন্দ্র, ৪ টি ক্লিনিক , ২০ টি কালভার্ট, ১৫ টি ব্রীজ, ১৫ কিলোমিটার পাকা রাস্তা, ১০ কিলোমিটার কাঁচা রাস্তা বন্যার পানিতে তলিয়ে গিয়ে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। ফুলছরি উপজেলায় ২০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ৩	• রাস্তা উচু ও পাকা করা • *বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা;* • প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা • সুইচগেট নির্মান করা • *পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা* • অবকাঠামো স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা;

	টি প্রাথমিক বিদ্যালয়, ২ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ৫ টি মসজিদ, ও সরকারী, বেসরকারী অফিস আংশিক ধবংস অথবা সম্পুর্ণ ধবংস হওয়ার সম্ভাবনা রয়েছে। **সাঘাটাঃ** উপজেলায় ২০০৭ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ১০ টি প্রাথমিক বিদ্যালয়, ১ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ১০ টি মসজিদ, ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **গোবিন্দগঞ্জঃ** □ উপজেলায় ২০০১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ১৫ টি প্রাথমিক বিদ্যালয়, ২ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ১০ টি মসজিদ, ২ টি মন্দির, ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **সুন্দরগঞ্জ** □ উপজেলায় ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ১২ টি প্রাথমিক বিদ্যালয়, ১ টি মাধ্যমিক বিদ্যালয়, ১ টি মাদ্রাসা, ১০ টি মসজিদ, ১ টি মন্দির, ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **গাইবান্ধা সদরঃ** □ সাদুল্লাপুর উপজেলায় ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে হলে ৮ টি প্রাথমিক বিদ্যালয়, ১ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ১১ টি মসজিদ, ২ টি মন্দির, ঝড়ের আঘাতে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। □ সাঘাটা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদর উপজেলায় বিগত সনের বন্যায় দেখা গেছে বিভিন্ন ধরনের অবকাঠামো ২০%ক্ষতিগ্রস্থ হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নে অধিকাংশ কাঁচা রাস্তা ক্ষতিগ্রস্থ হয় এবং ৩০-৪০% পাকা রাস্তা ক্ষতিগ্রস্থ হয় □ সাঘাটা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদর উপজেলায় বিগত সনের কাবৈশাখী ঝড়ে দেখা গেছে কাচাঁঘর ১০-১৫% ও আধাপাকা ১-২% ক্ষতিগ্রস্থ হয়।	
ঘরবাড়ী	**সাদুল্ল্যাপুরঃ** □ সাদুল্লাপুর উপজেলায় ২০০৫ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ১৩৪৪ টি কাঁচা ঘর ২৫ টি পাকা ঘর , ২১১ টি আধাপাকা ঘর বাড়ী ঝড়ের আঘাতে আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। □ পলাশবাড়ী উপজেলায় **বন্যা** বৃদ্ধি পেতে থাকলে ৪০০ টি কাঁচা ঘরবাড়ী, ১৫০ টি পাকা ঘর , ১০০ টি আধাপাকা ঘরবাড়ী পানির চাপে আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে **পলাশবাড়ীঃ** □ পলাশবাড়ী উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে ১২২৫ টি কাঁচা ঘর ১৫ টি পাকা ঘর, ১২০ টি আধাপাকা ঘরবাড়ী ঝড়ের আঘাতে আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **ফুলছুড়িঃ** □ ফুলছরি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ৫৮০ টি কাঁচা ঘর , ৫৫ টি পাকা ঘর বন্যার পানিতে তলিয়ে গিয়ে আংশিক বা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। □ ফুলছরি উপজেলায় ২০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ১২৮ টি কাঁচা ঘর , ১৫ টি পাকা ঘর আংশিক ধবংস অথবা সম্পুর্ণ ধবংস হওয়ার সম্ভাবনা রয়েছে। □ সাঘাটা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদর উপজেলায় বিগত সনের বন্যায় দেখা গেছে কাচাঁঘর ৭০-৮০% ও আধাপাকা ১০-১৫% ক্ষতিগ্রস্থ হয়। □ সাঘাটা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদর উপজেলায় বিগত	• বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনা উপকুল হতে দুরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা; • দুর্যোগ সহনশীল বাড়ী নির্মান করা • দুর্যোগ সহনশীল বাড়ী নির্মান করার জন্য সুদমুক্ত ঋনের ব্যবস্থা করা • *বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা;* • বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা;

	সনের কালবৈশাখী ঝড়ে দেখা গেছে কাচাঁঘর ১০-১৫% ও আধাপাকা ১-২% ক্ষতিগ্রস্থ হয়।	
স্যানিটেশন	**সাদুল্ল্যাপুরঃ** ১৪০০ টি কাঁচা ২৮৫ টি আধাপাকা পায়খানা, ৫৬ টি সংরক্ষিত পুকুরের পানি আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **পলাশবাড়ীঃ** □ পলাশবাড়ী উপজেলায় **কালবৈশাখী ঝড়** হলে ১৩০০ টি কাঁচা ২০০ টি আধাপাকা পায়খানা, ৪০ টি সংরক্ষিত পুকুরের পানি আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। **ফুলছুড়িঃ** □ ফুলছরি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ১১০০ টি কাঁচা ১৫০ টি আধাপাকা পায়খানা আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। □ ১৫ টি সংরক্ষিত পুকুরের পানি আংশিক কিংবা সম্পুর্ণ বিনষ্ট হতে পারে। □ সাঘাটা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদর উপজেলায় বিগত সনের বন্যায় দেখা গেছে কাচাঁ পায়খানা ৭০-৮০% ক্ষতিগ্রস্থ হয়।	• স্যানিটেশন বিষয়ে সচেতনতা বাড়ানো • পুকুর খনন ও সংরক্ষিত পুকুর পুন:খনন • পর্যাপ্ত পন্ডস্যান্ড ফিল্টার ও রেইন ওয়াটার হারভেস্টার স্থাপন করা , • দুর্যোগ সহনশীল ও স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ করা • পানিও পয়:নিষ্কাসন ব্যবস্থা নিশ্চিত করে পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা

২.৭ সামাজিক মানচিত্র



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র



২.৯ আপদের মৌসুমী দিনপুঞ্জি

ক্রঃ	জীবিকাসমূহ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রাহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
০১	বন্যা												
০২	নদীভাংগন												
০৩	খরা												
০৪	কালবৈশাখী ঝড়												
০৫	জমিতে বালু পড়া												

